গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ – ৩, ঢাকা
www.pwd.gov.bd

**নম্বর:** ২৫.৩৬.০০০০.০০০.৬২৩.১৮.০০০১.২৪.২

তারিখ: ২৪ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৮ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

## বিজ্ঞপ্তি

গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন বিভিন্ন উন্নয়ন প্রকল্পের বাস্তবায়ন ও মনিটরিং কার্যক্রমে দক্ষতা আনয়নের লক্ষ্যে 'PWD Project Monitoring Software (PPMS)' প্রস্তুত করা হয়েছে। এর মাধ্যমে অধিদপ্তরের সকল উইং/ইউনিট এবং মাঠপর্যায়ের দপ্তরসমূহের মধ্যে কার্যকর সংযোগ স্থাপনসহ প্রকল্প বাস্তবায়নের সাথে সম্পর্কিত সকল কাজ পেশাদারী দক্ষতার সাথে সম্পাদন এবং প্রকল্পের অগ্রগতি মনিটরিং কার্যক্রম আরও সুসংগঠিত উপায়ে সম্পাদন করা যাবে। প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে PPMS মাঠ পর্যায় থেকে মন্ত্রণালয় পর্যন্ত সকল দপ্তরের মধ্যে পারস্পরিক তথ্য আদান-প্রদান, তথ্য সংরক্ষণ ও সুবিধাজনকভাবে সে তথ্য উপস্থাপনের সুবিধা প্রদান করবে। ফলশ্রুতিতে, প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে দ্রুত সিদ্ধান্ত গ্রহন সম্ভব হবে এবং অনাকাঙ্ক্ষিত কোনো সমস্যার জন্য পূর্বপ্রস্তুতি গ্রহণ করা সম্ভবপর হবে।
এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকল দপ্তরকে সংযুক্ত 'কর্মবণ্টন' (ছক-১) ও 'কর্মপদ্ধতি' (ছক-২) যথাযথভাবে অনুসরণপূর্বক PPMS-এ বর্তমানে বিদ্যমান/ভবিষ্যতে সংযোজীয় প্রকল্প সমুহের তথ্যাদী হালনাগাদ রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ আলোচ্য 'কর্মবণ্টন' ও 'কর্মপদ্ধতি' (৩ পৃষ্টা)

**সকল সংযুক্তিসমূহ:**
(১) attachment for PPMS

০৮-০১-২০২৬
মোঃ শামছুদ্দোহা
অতিরিক্ত প্রধান প্রকৌশলী

**নম্বর:** ২৫.৩৬.০০০০.০০০.৬২৩.১৮.০০০১.২৪.২/১ (৫)

তারিখ: ২৪ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৮ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), গণপূর্ত অধিদপ্তর।
২। প্রকল্প পরিচালক (সকল), গণপূর্ত অধিদপ্তর।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), গণপূর্ত অধিদপ্তর।
৪। নির্বাহী প্রকৌশলী (সকল), গণপূর্ত অধিদপ্তর।
৫। উপ-বিভাগীয় প্রকৌশলী, (সকল), গণপূর্ত অধিদপ্তর।

০৮-০১-২০২৬
মোঃ শামছুদ্দোহা
অতিরিক্ত প্রধান প্রকৌশলী

ছক-১: PPMS ব্যবহারের কর্মবন্টন

| ধাপ সমূহ | প্রধান কর্মকান্ডসমূহ | কর্মসম্পাদনকারী দপ্তর | তত্ত্বাবধানকারী দপ্তর |
|---|---|---|---|
| ১। | **PPMS এ প্রকল্প সংযোজন (ক্রয় পরিকল্পনা ও অনুষাঙ্গিক তথ্যাদি) ও সংশ্লিষ্ট ওয়ার্কিং ডিভিশন কে উক্ত প্রকল্পের সাথে সংযুক্ত করণ।** | সংশ্লিষ্ট প্রকল্প বিভাগ | সংশ্লিষ্ট প্রকল্প সার্কেল |
| ২। | **Preliminary Procurement Plan প্রণয়ন করা ও এর বিভিন্ন ধাপে সংশ্লিষ্ট সাপোর্টিং দপ্তর কে সংযুক্ত করণ।** | সংশ্লিষ্ট ওয়ার্কিং ডিভিশন | ১) সংশ্লিষ্ট প্রকল্প সার্কেল<br>২) সংশ্লিষ্ট ওয়ার্কিং সার্কেল,<br>৩) সংশ্লিষ্ট ওয়ার্কিং জোন, |
| ৩। | **ডিপিপি ক্রয় পরিকল্পনা সংযোজন/বিয়োজন এর প্রস্তাব প্রেরণ।** | সংশ্লিষ্ট ওয়ার্কিং ডিভিশন | ১) সংশ্লিষ্ট ওয়ার্কিং সার্কেল,<br>২) সংশ্লিষ্ট ওয়ার্কিং জোন, |
| ৪। | **ডিপিপি ক্রয় পরিকল্পনা সংযোজন/বিয়োজন এর প্রস্তাব অনুমোদন।** | সংশ্লিষ্ট প্রকল্প বিভাগ। | ১) সংশ্লিষ্ট প্রকল্প সার্কেল |
| ৫। | **PPMS এ প্রয়োজনীয় নকশা ও হালনাগাদ নকশা এবং রিপোর্ট আপলোডকরণ** *(সংশ্লিষ্ট নকশা ও প্রতিবেদনের সকল ভার্শন ভবিষ্যতে পর্যালোচনা, যাচাই ও রেফারেন্সের জন্য প্রাপ্তির তারিখ ও ক্রমানুসারে সিস্টেমে সংরক্ষিত থাকবে।)* | | |
| | ডিজিটাল সার্ভে, সয়েল টেস্ট রিপোর্ট, অনুমোদিত সাইট প্ল্যান সহ আনুষাঙ্গিক ডকুমেন্ট PPMS এ আপলোড করণ | সংশ্লিষ্ট ওয়ার্কিং ডিভিশন | ১) সংশ্লিষ্ট প্রকল্প সার্কেল<br>২) সংশ্লিষ্ট ওয়ার্কিং সার্কেল,<br>৩) সংশ্লিষ্ট ওয়ার্কিং জোন,<br>৪) সংশ্লিষ্ট ডিজাইন ডিভিশন |
| | অনুমোদিত মাস্টারপ্ল্যান, ওয়ার্কিং ড্রইং, প্ল্যান, এলিভেশন, থ্রিডি, ফিনিশ শিডিউল সহ আনুষাঙ্গিক স্থাপত্য নকশা। | নিঃপ্রঃ, প্রকৌশল ইউনিট, স্থাপত্য অধিদপ্তর ও সংশ্লিষ্ট ওয়ার্কিং ডিভিশন। | ১) সংশ্লিষ্ট প্রকল্প সার্কেল<br>২) তঃপ্রঃ, প্রকৌশল ইউনিট, স্থাপত্য অধিদপ্তর। |
| | ফাউন্ডেশন ও সুপারস্ট্রাকচার এর ওয়ার্কিং ড্রইং ও লে-আউট, এস্টিমেট সাপোর্ট সহ অন্যান্য স্ট্রাকচারাল ড্রইং। | সংশ্লিষ্ট গণপূর্ত ডিজাইন ডিভিশন। | ১) সংশ্লিষ্ট প্রকল্প সার্কেল<br>২) সংশ্লিষ্ট ডিজাইন সার্কেল,<br>৩) গণপূর্ত ডিজাইন জোন |
| | বহিঃ ও অভ্যঃ পানি সরবরাহ সংক্রান্ত নকশা ও লে-আউট, স্যানিটেরি ড্রইং, ডিপটিউব ওয়েল এর ড্রইং সহ অনুষাঙ্গিক প্লাম্বিং ড্রইং। | সংশ্লিষ্ট প্লাম্বিং ডিজাইন ডিভিশন | ১) সংশ্লিষ্ট প্রকল্প সার্কেল<br>২) গণপূর্ত প্লাম্বিং ইউনিট |
| | বহিঃ ও অভ্যঃ বিদ্যুতায়ন সংক্রান্ত নকশা ও লে-আউট সহ আনুষাঙ্গিক ই/এম ড্রইং সমূহ। | সংশ্লিষ্ট ই/এম ডিজাইন ডিভিশন | ১) সংশ্লিষ্ট প্রকল্প সার্কেল<br>২) ই/এম ডিজাইন সার্কেল |
| ৬। | **প্রাক্কলন প্রক্রিয়াকরণ ও অনুমোদন সংক্রান্ত তথ্য হালনাগাদকরণ** | সংশ্লিষ্ট ওয়ার্কিং ডিভিশন | ১) ওয়ার্কিং সার্কেল ও<br>২) ওয়ার্কিং জোন |
| ৭। | **টেন্ডার আহ্বান ও অনুমোদন।**<br>*(দরপত্র অনুমোদনের জন্য PPMS এর টেন্ডার প্রসেসিং প্ল্যান এর সারসংক্ষেপ দাখিল করা বাধ্যতামূলক)* | সংশ্লিষ্ট ওয়ার্কিং ডিভিশন | ১) সংশ্লিষ্ট প্রকল্প সার্কেল<br>২) সংশ্লিষ্ট ওয়ার্কিং সার্কেল<br>৩) সংশ্লিষ্ট ওয়ার্কিং জোন |
| ৮। | **চুক্তি সম্পাদন, ওয়ার্ক প্রোগ্রাম, মাঠ পর্যায়ে কাজের অগ্রগতি সংক্রান্ত তথ্য PPMS এ প্রদান।** | সংশ্লিষ্ট ওয়ার্কিং ডিভিশন | ১) সংশ্লিষ্ট প্রকল্প সার্কেল,<br>২) ওয়ার্কিং সার্কেল ও<br>৩) ওয়ার্কিং জোন |

| ধাপ সমূহ | প্রধান কর্মকান্ডসমূহ | কর্মসম্পাদনকারী দপ্তর | তত্ত্বাবধানকারী দপ্তর |
|---|---|---|---|
| ৯। | PPMS এ প্রকল্পের সার্বিক অগ্রগতি পর্যালোচনা ও প্রকল্প বাস্তবায়নের প্রয়োজনীয় সিদ্ধান্ত প্রদান। | সংশ্লিষ্ট প্রকল্প বিভাগ | ১) সংশ্লিষ্ট প্রকল্প সার্কেল |
| ১০। | PPMS এ কারিগরি সহায়তা প্রদানে। | সংশ্লিষ্ট এমআইএস ডিভিশন | ১)গণপূর্ত এমআইএস সার্কেল<br>২) প্রকিউরমেন্ট ইউনিট |
| ১১। | PPMS এর ব্যবহারবিধি সংক্রান্ত সহায়তা প্রদান। | Executive Engineer, Innovation in Construction, Repair and Maintenance | গণপূর্ত গবেষণা ও উন্নয়ন ইউনিট |

* প্রতিটি প্রকল্প সার্কেল তাঁর অধীনস্ত একটি ডিভিশন কে নির্দিষ্টকরণের মাধ্যমে পিপিএমএস-এ প্রকল্প মনিটরিংয়ের জন্য দায়িত্ব অর্পণ করবেন।

* প্রতিটি ওয়ার্কিং ডিভিশন তাঁর অধীনস্ত একজন সহকারী প্রকৌশলী (স্টাফ অফিসার) কে নির্দিষ্টকরণের মাধ্যমে পিপিএমএস-এ প্রয়োজনীয় তথ্যাদি প্রদানের জন্য দায়িত্ব অর্পণ করবেন।

* প্রতিটি ওয়ার্কিং সার্কেল তাঁর অধীনস্ত একজন সহকারী প্রকৌশলী (স্টাফ অফিসার) কে নির্দিষ্টকরণের মাধ্যমে পিপিএমএস-এ প্রয়োজনীয় তথ্যাদি প্রদান ও মনিটরিং এর জন্য দায়িত্ব অর্পণ করবেন।

* প্রতিটি ওয়ার্কিং জোন তাঁর অধীনস্ত একজন সহকারী প্রকৌশলী/স্টাফ অফিসার কে নির্দিষ্টকরণের মাধ্যমে পিপিএমএস-এ প্রয়োজনীয় তথ্যাদি প্রদান ও মনিটরিং এর জন্য দায়িত্ব অর্পণ করবেন।

ছক-২: PPMS ব্যবহার করে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে নিম্নে বর্ণিত কর্মপদ্ধতি অনুসরণ করতে হবে -

| প্রধান ধাপসমূহ | সংশ্লিষ্ট অফিস | নোট |
| --- | --- | --- |
| অনুমোদিত ডিপিপি অনুযায়ী ক্রয়পরিকল্পনা সংযোজন ও ক্রয় প্যাকেজসমূহে সংশ্লিষ্ট ওয়ার্কিং ডিভিশনকে সংযুক্তকরণ। | প্রকল্প সার্কেল ও অধঃস্তন বিভাগ সমূহ | প্রকল্প অনুমোদনের সাথে সাথে সংশ্লিষ্ট প্রকল্প মনিটরিং সার্কেল PPMS এ ক্রয় পরিকল্পনাসহ প্রকল্পের সকল প্রাসঙ্গিক তথ্য ইনপুট প্রদান করবেন। |
| প্যাকেজ বাস্তবায়নে কোনো প্রতিবন্ধকতা রয়েছে কি না? | | |
| প্রতিবন্ধকতা রয়েছে → PPMS এ উক্ত প্যাকেজের Remarks অপশনে তথ্য প্রদান | সংশ্লিষ্ট ওয়ার্কিং ডিভিশন | প্যাকেজের কাজ বাস্তবায়নের ক্ষেত্রে কোনো সমস্যা থাকলে (যেমন - ভূমি অধিগ্রহন সম্পন্ন না হওয়া) তা Remarks অপশনে বিস্তারিত ভাবে উল্লেখ করতে হবে। |
| কোনো প্রতিবন্ধকতা নেই → উক্ত প্যাকেজের জন্য Preliminary Procurement Plan (PPP) প্রণয়ন | সংশ্লিষ্ট ওয়ার্কিং ডিভিশন | প্যাকেজের কাজ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট ওয়ার্কিং ডিভিশন একটি বাস্তবধর্মী পরিকল্পনা প্রণয়ণ করবে। |
| প্রস্তুতকৃত Preliminary Procurement Plan (PPP) এ সংশ্লিষ্ট সাপোর্টিং দপ্তর সমূহ সংযোজন | সংশ্লিষ্ট ওয়ার্কিং ডিভিশন | সাপোর্টিং দপ্তর সমূহ হলো - গণপূর্ত ডিজাইন ডিভিশন, প্লাম্বিং ডিজাইন ইউনিট, ই/এম পিএন্ডডি/ডিজাইন ডিভিশন ও আর্কিটেকচারাল ইউনিট (স্থাপত্য অধিদপ্তরের অধীন প্রকৌশল সার্কেলের অধীন বিভাগ সমূহ)। আলোচ্য ধাপের কাজ সম্পন্ন করার জন্য অত্র বিজ্ঞপ্তি'র দায়িত্ব বন্টন অনুসরন করতে হবে। |
| প্রস্তুতকৃত Preliminary Procurement Plan (PPP) এ সংশ্লিষ্ট দপ্তর সমূহ কর্তৃক নকশা আপলোডকরণ এবং সংশ্লিষ্ট কর্মকান্ডের অগ্রগতি সংক্রান্ত তথ্যাদি প্রদান। | সংশ্লিষ্ট ওয়ার্কিং ডিভিশন ও সাপোর্টিং দপ্তর সমূহ | আলোচ্য ধাপের কাজ সম্পন্ন করার জন্য এ বিজ্ঞপ্তি'র দায়িত্ব বন্টন অনুসরন করতে হবে। |
| ঠিকাদারি প্রতিষ্ঠানের সাথে কাজের চুক্তি স্বাক্ষরের পর → PPMS এ ওয়ার্ক প্রোগ্রাম প্রস্তুত করণ। ওয়ার্ক প্রোগ্রামে কাজের অগ্রগতির তথ্য প্রদান | সংশ্লিষ্ট ওয়ার্কিং ডিভিশন ও মনিটরিং সেল | |
| প্রকল্পের সার্বিক অগ্রগতি পর্যবেক্ষণ এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান | সংশ্লিষ্ট প্রকল্প সার্কেল এবং অধঃস্তন দপ্তর। মাঠ পর্যায়ের জোন ও সার্কেল অফিস সমূহ। | |

০৭/০৩/২৫

মোঃ শামছুদ্দোহা
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পওবিপ্র)
গণপূর্ত অধিদপ্তর ঢাকা।